



## ট্রাইব্যুনালে হাজিরের পর ১৫ সেনা কর্মকর্তাকে কারাগারে পাঠানোর নির্দেশ



সংগৃহীত ছবি

আওয়ামী লীগ সরকারের সময় টিএফআই-জেআইসি সেলে সংঘটিত গুম ও হত্যার অভিযোগে দায়ের করা মানবতাবিরোধী অপরাধের দুই মামলায় হেফাজতে থাকা ১৫ সেনা কর্মকর্তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।

বুধবার (২২ অক্টোবর) সকালে কঠোর নিরাপত্তার মধ্যে অভিযুক্তদের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হাজির করা হয়। এর আগে, সেনা কর্মকর্তারা জামিনের আবেদন করেন। তবে ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেল জামিন না মঞ্জুর করে তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

শুনানিতে জানানো হয়, দুই মামলায় মোট ৩০ জনকে আসামি করা হয়েছে। এর মধ্যে একটি মামলায় ১৭ জন ও অন্যটিতে ১৩ জন আসামি রয়েছেন। উভয় মামলাতেই শেখ হাসিনার নাম অন্তর্ভুক্ত রয়েছে। ২৩ সেনা কর্মকর্তার মধ্যে ১৫ জন বর্তমানে হেফাজতে আছেন।

এদিকে, সেনা কর্মকর্তাদের ট্রাইব্যুনালে হাজিরের সময় রাজধানীর বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে কড়া নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়। ভোর থেকেই হাইকোর্ট মাজারগেট, মৎস্য ভবন, কাকরাইলসহ আশপাশের এলাকায় সেনাবাহিনী, র‍্যাব, বিজিবি ও পুলিশের সদস্যদের মোতায়েন থাকতে দেখা যায়।